

শেখ হাসিনার বাংলাদেশ
পরিচ্ছন্ন পরিবেশ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ অধিদপ্তর
পরিবেশ ভবন, ই/১৬ আগারগাঁও
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.doe.gov.bd

নং-২২.০২.০০০০.০১২.২৩.০০২.২০২০- ০৩

তারিখঃ ২৪/০৯/১৪২৬
০৮/০১/২০২০


জাতীয় পরিবেশ পদক-২০২০

পরিবেশ উন্নয়নে অসামান্য অবদানের স্বীকৃতি প্রদানের লক্ষ্যে যোগ্য ব্যক্তি/প্রতিষ্ঠান থেকে জাতীয় পরিবেশ পদক ২০২০-এর আবেদন আহবান করা যাচ্ছে। নিম্নোক্ত ক্যাটাগরিসমূহে ব্যক্তিগত ও প্রাতিষ্ঠানিক পর্যায়ে ০৩টি করে মোট ৬ (ছয়) টি জাতীয় পরিবেশ পদক প্রদান করা হয়ে থাকে।

পর্যায়	পদকের শ্রেণী	পুরস্কার	সংখ্যা
(ক) ব্যক্তিগত	(১) পরিবেশ সংরক্ষণ ও দূষণ নিয়ন্ত্রণ	জাতীয় পরিবেশ পদকপ্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে ২১ (একুশ) ক্যারেট মানের ২ (দুই) তোলা ওজনের স্বর্ণের বাজার মূল্য ও আরো ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার চেক, ট্রেস্ট এবং সনদপত্র প্রদান করা হবে।	প্রতি ক্ষেত্রে ১ (এক) টি
	(২) পরিবেশ বিষয়ক শিক্ষা ও প্রচার		
	(৩) পরিবেশ বিষয়ক গবেষণা ও প্রযুক্তি উদ্ভাবন		
(খ) প্রাতিষ্ঠানিক	(১) পরিবেশ সংরক্ষণ ও দূষণ নিয়ন্ত্রণ	জাতীয় পরিবেশ পদকপ্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে ২১ (একুশ) ক্যারেট মানের ২ (দুই) তোলা ওজনের স্বর্ণের বাজার মূল্য ও আরো ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার চেক, ট্রেস্ট এবং সনদপত্র প্রদান করা হবে।	প্রতি ক্ষেত্রে ১ (এক) টি
	(২) পরিবেশ বিষয়ক শিক্ষা ও প্রচার		
	(৩) পরিবেশ বিষয়ক গবেষণা ও প্রযুক্তি উদ্ভাবন		

৫ জুন বিশ্ব পরিবেশ দিবস ২০২০ উদযাপন উপলক্ষে অনুষ্ঠেয় উদ্বোধনী অনুষ্ঠান অথবা সরকার কর্তৃক নির্ধারিত যে কোনো সুবিধাজনক সময়ে আনুষ্ঠানিকভাবে এ পদক প্রদান করা হবে। আবেদনের নির্ধারিত ফরম পরিবেশ অধিদপ্তরের যে কোন অফিস বা অধিদপ্তরের ওয়েবসাইট www.doe.gov.bd থেকে সংগ্রহ করা যাবে।

যেকোনো ব্যক্তি/প্রতিষ্ঠান পদকের জন্য নিজ/উপযুক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানের অনুকূলে নির্ধারিত আবেদন ফরমে ২৭ ফেব্রুয়ারি ২০২০ তারিখের মধ্যে পরিবেশ অধিদপ্তরের সংশ্লিষ্ট জেলা/বিভাগ/মহানগর কার্যালয়ে আবেদনপত্র প্রেরণ করার জন্য অনুরোধ জানানো হলো।


(ড. এ. কে, এম, রফিক আহাম্মদ)
মহাপরিচালক
ফোনঃ ৮১৮১৮০০
ইমেইল : dg@doe.gov.bd